বাংলাদেশ স্কাউটস

ইনবক্স
ডিজিটাল আপডেট

ফেব্রুয়ারি ২০১৮

ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি

বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ড. মোঃ মোজাম্মেল হক খান এর নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় অবস্থিত কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ স্কাউটস এর একটি প্রতিনিধিদল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন। এ সময় বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (ভূসম্পত্তি) ও রেক্টর (সচিব) বিসিএস প্রশাসন একাডেমি জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার, জাতীয় কমিশনার (মেম্বারশীপ রেজিস্ট্রেশন) ও পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব) মুনশী শাহাবুদ্দীন আহমেদ, জাতীয় কমিশনার (বিধি) ও অতিরিক্ত সচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয় শেখ ইউসুফ হারুন, জাতীয় কমিশনার (প্রকল্প) ও অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জনাব মোঃ মোহসীন, নির্বাহী পরিচালক জনাব আরশাদুল মুকাদ্দিস, জাতীয় উপ কমিশনার, যুগ্ম নির্বাহী পরিচালক, প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, ঢাকা জেলা রোভারের কমিশনারসহ কর্মকর্তা, রোভার স্কাউট ও গার্ল ইন রোভারবৃন্দ, ঢাকা জেলা রেলওয়ের কর্মকর্তা ও রোভার স্কাউট ও গার্ল ইন রোভারবৃন্দ, ঢাকা জেলা নৌ এর রোভার স্কাউট ও গার্ল ইন রোভারবৃন্দ এবং ঢাকা জেলা এয়ারের রোভার স্কাউট ও গার্ল ইন রোভারবৃন্দ প্রধান জাতীয় কমিশনারের সাথে ছিলেন।

প্রথম ইন্দো-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্যাম্পের সফল বাস্তবায়ন

Friendship Never Ends এই থীমকে সামনে রেখে বাংলাদেশ স্কাউটস এবং ভারত স্কাউটস অ্যান্ড গাইডস এর যৌথ আয়োজনে ৬-১১ ফেব্রুয়ারি, ২০১৮ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে এবং ১২-১৬ ফেব্রুয়ারি, ২০১৮ ভারতের কোলকাতার গঙ্গানগরে ভারত স্কাউটস অ্যান্ড গাইডস ট্রেনিং সেন্টারে 'ইন্দো-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্যাম্প' অনুষ্ঠিত হয়। এই ক্যাম্পে বাংলাদেশ স্কাউটস ও ভারত স্কাউটস অ্যান্ড গাইডস এর প্রায় ৮০০জন স্কাউট, স্বেচ্ছাসেবক ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।

৭ ফেব্রুয়ারি, ২০১৮ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি প্রধান অতিথি হিসেবে 'ইন্দো-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্যাম্প' এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, সভাপতি, বাংলাদেশ স্কাউটস ও মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়। সভাপতিত্ব করেন জনাব মোঃ শাহ কামাল, ভারপ্রাপ্ত প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব ফয়েজ আহম্মদ, সভাপতি,

ইন্দো-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্যাম্প সাংগঠনিক কমিটি ও সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন জনাব যোগেন্দ্র প্রসাদ, কন্টিনজেন্ট লিডার, ভারত স্কাউটস অ্যান্ড গাইডস কন্টিনজেন্ট ।

১০ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে বাংলাদেশ অংশের মহাতাঁবু জলসা অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জনাব আ. ক. ম মোজাম্মেল হক এমপি প্রধান অতিথি হিসেবে মহাতাঁবু জলসা এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। সভাপতিত্ব করেন জনাব মোঃ শাহ কামাল, জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব ফয়েজ আহম্মদ, সভাপতি, ইন্দো-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্যাম্প সাংগঠনিক কমিটি ও সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন জনাব যোগেন্দ্র প্রসাদ, কন্টিনজেন্ট লিডার, ভারত স্কাউটস অ্যান্ড গাইডস কন্টিনজেন্ট ।

ইন্দে-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্যাম্পের বাংলাদেশ অংশে ফান অ্যান্ড গেম, ইয়ুথ ফোরাম, অবস্টাগেল, এমওপি কার্যক্রম, ওয়াল্ড ফ্রেন্ডশীপ কার্যক্রম, কালচারাল নাইট, ফুড

ফেস্টিভাল, এডুকেশন ট্যুর, হাইকিং, ইয়ুথ পার্লামেন্ট ও মহাতাঁবু জলসা কার্যক্রমে অংশগ্রহণকারী স্কাউটবৃন্দ অংশগ্রহণ করে। ১১ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে অংশগ্রহণকারী সকলে একই ট্রেনযোগে মৌচাক ত্যাগ করে ভারতের কোলকাতার গঙ্গানগর ভারত স্কাউটস অ্যান্ড গাইডস ট্রেনিং সেন্টারে পৌছায়।

১২ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে ভারতের কোলকাতার গঙ্গানগরে ভারত স্কাউটস অ্যান্ড গাইডস ট্রেনিং সেন্টারে ভারতে অংশের উদ্বোধনী অনুষ্ঠিত হয়। কোলকাতার বাংলাদেশ ডেপুটি হাই কমিশনার জনাব তৌফিক হাসান প্রধান অতিথি হিসেবে ক্যাম্পের উদ্বোধন করেন। বক্তব্য রাখেন শ্রী দেবাশীষ কুমার, শ্রীমতি আরতী মিত্র, শ্রী দেবাদিত্য চক্রবর্তী, জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান। সভাপতিত্ব করেন শ্রী শ্যামল কুমার বিশ্বাস।

১৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে ভারতের কোলকাতার গঙ্গানগরে ভারত স্কাউটস অ্যান্ড গাইডস ট্রেনিং সেন্টারে মহাতাঁবু জলসা ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফয়েজ আহম্মদ, সভাপতি, ইন্দো-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্যাম্প সাংগঠনিক কমিটি ও সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি চেয়ারম্যান, মধ্যমগ্রাম পৌরসভা এবং সেক্রেটারী পশ্চিম বাংলা ক্রীড়া পরিষদ।

ইন্দো-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্যাম্পের ভারত অংশে এডভেঞ্চার, স্টার গ্যাজিং, ভয়েচ অব ইয়ুথ, স্কাউট অ্যাড গাইড কনফারেন্স, এমওপি কার্যক্রম, ওয়াল্ড ফ্রেন্ডশীপ কার্যক্রম, কালচারাল নাইট, ফুড ফেস্টিভাল, এডুকেশন ট্যুর ও মহাতাঁবু জলসা কার্যক্রমে অংশগ্রহণকারী স্কাউটবৃন্দ অংশগ্রহণ করে।

১৬ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত যৌথ ক্যাম্পে অংশগ্রহণ শেষে বাংলাদেশ স্কাউটসের সদস্য (ছেলে-মেয়েরা) ট্রেনযোগে ঢাকার উদ্দেশ্যে যাত্রা করে বাংলাদেশে পৌছায়।

শিশুদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য স্কাউটিংয়ের বিকল্প নেই
– এইচ.টি ইমাম

‘কাবিং করি, ডিজিটাল বাংলাদেশ গড়ি’ এই শ্লোগানকে সামনে রেখে সিরাজগঞ্জ জেলার ৫ম কাব ক্যাম্পুরীর শুভ উদ্বোধন হয়েছে। ২৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে সিরাজগঞ্জের যমুনা নদীর তীর ঘেষে গড়ে উঠা জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের মাঠে ৫ দিনব্যাপি এই কাব ক্যাম্পুরীর শুভ উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ.টি ইমাম। উদ্বোধনী অনুষ্ঠানে জনাব এইচ.টি ইমাম বলেন– শিশুদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য স্কাউটিংয়ের বিকল্প নেই। তাই দেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে কাব স্কাউটিং আবশ্যিকভাবে গঠন করে তাদের দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলা স্কাউটস এর সভাপতি ও জেলা

প্রশাসক কামরুন নাহার সিদ্দীকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জের পুলিশ সুপার মিরাজ উদ্দিন আহমেদ, সিভিল সার্জন ডাঃ কাজী শামীম হোসেন, স্থানীয় সরকারের উপ পরিচালক আবু নুর মোহাম্মদ শামসুজ্জামান, জেলা স্কাউটস এর সম্পাদক সরকার ছানোয়ার হোসেন। স্বাগত বক্তব্য রাখেন ৫ম জেলা কাব ক্যাম্পুরীর আহবায়ক ও অতিরিক্ত জেলা প্রশাসক ইরতিজা আহসান। উদ্বোধনী অনুষ্ঠানে মনোজ্ঞ ডিসপ্লে প্রদর্শন করে ক্যাম্পে আসা কাব স্কাউটারগণ। পরে প্রধান অতিথি বিভিন্ন তাঁবু পরিদর্শন করে। ক্যাম্পে ৪ সাব ক্যাম্পে জেলার ৯৮টি কাব দলের কাব স্কাউট অংশ গ্রহণ করেছে। ২৪ ফেব্রুয়ারি শুরু হওয়া এই ক্যাম্প শেষ হয় ২৮ ফেব্রুয়ারি।

যথাযোগ্য মর্যাদায় বিপি দিবস পালন

বিশ্ব স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা ব্যাডেন পাওয়েল এর জন্মদিন ২২ ফেব্রুয়ারি। তিনি ১৮৫৭ সালের ২২ ফেব্রুয়ারি লন্ডনে জন্ম গ্রহণ করেন। তার পুরো নাম রবার্ট ষ্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল । ব্যাডেন পাওয়েল বা বিপি নামে তিনি সর্বোধিক পরিচিত। ব্যাডেন পাওয়েল বা বিপি ১৯০৭ সালে ২০ জন ছেলেকে নিয়ে পরীক্ষামূলকভাবে ব্রাউন্সী দ্বীপে স্কাউট ক্যাম্প শুরু করেন। বর্তমানে বিশ্ব স্কাউট সংস্থার অধীনে পৃথিবীর ১৬৯ টি দেশে স্কাউটিং আন্দোলন পরিচালিত হচ্ছে। পৃথিবীতে প্রায় ৫ কোটির অধিক স্কাউট সদস্য রয়েছে। বাংলাদেশ প্রায় ১৬ লক্ষ স্কাউট সদস্য নিয়ে পৃথিবীর পঞ্চম বৃহত্তম স্কাউট রাষ্ট্র।

ব্যাডেন পাওয়েল (বিপি)-এর জন্মদিনকে সারা বিশ্বের স্কাউটবৃন্দ বিপি দিবস হিসেবে পালন করে থাকে। সারা বিশ্বের স্কাউটদের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ স্কাউটস ২২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে, বেলা ৩:০০ টায় বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতর, কাকরাইল, ঢাকায় চিত্রাংকন, উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি প্রতিযোগিতা এবং বিকেল ৫:০০ টায় আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব মোঃ আলমগীর, সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও সহ সভাপতি, বাংলাদেশ স্কাউটস। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনাব সুরাইয়া বেগম, এনডিসি, জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং), জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান, জাতীয় কমিশনার (আন্তর্জাতিক), জনাব অশোক কুমার বিশ্বাস, মহাপরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর ও জনাব মোহাম্মদ আতিকুজ্জামান, জাতীয় কমিশনার (প্রোগ্রাম)। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)। অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নেতৃবৃন্দ, কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাংলাদেশের প্রতিটি অঞ্চল, জেলা ও উপজেলা স্কাউটস যথাযোগ্য মর্যাদায় স্কাউট দিবস পালন করেছে।

জমকালো আয়োজনে বাংলাদেশ স্কাউটস ঢাকা অঞ্চলের ১৪তম স্কাউট সমাবেশ

স্কাউটদের মিলন মেলা হল- সমাবেশ। সকল অপেক্ষার অবসান ঘটিয়ে “স্কাউটিং করি, সুন্দর জীবন গড়ি” থিম নিয়ে রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর গাজীপুর-এ উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে শুরু হয় ১৪তম আঞ্চলিক স্কাউট সমাবেশ ২০১৮। জমকালো আয়োজনে ১৪তম আঞ্চলিক স্কাউট সমাবেশ এর পর্দা উঠে ২২ ফেব্রুয়ারি, এবং চলে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। ২২ ফেব্রুয়ারি গাজীপুরের বাহাদুরপুরের রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে স্কাউট সমাবেশের উদ্বোধন করেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, সভাপতি, বাংলাদেশ স্কাউটস, এবং মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়। বিশেষ স্কাউট ব্যক্তিত্ব

ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, সচিব, আইএমইডি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় এবং সভাপতি, জনসংযোগ, প্রকাশনা ও মার্কেটিং বিষয়ক জাতীয় কমিটি, বাংলাদেশ স্কাউটস, জনাব আখতারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার (সংগঠন), বাংলাদেশ স্কাউটস এবং চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পর্যটন কর্পোরেশন। স্বাগত বক্তব্য প্রদান করেন সৈয়দ হাফিজুল ইসলাম, ভারপ্রাপ্ত কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন ড. দেওয়ান মোহাম্মদ হুমায়ূন কবীর, জেলা প্রশাসক, গাজীপুর। স্কাউট সমাবেশের সাংগঠনিক কমিটির সভাপতির বক্তব্য প্রদান করেন মোহম্মদ মুনির হোসেন, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এম বজলুল করিম চৌধুরী, কমিশনার, ঢাকা বিভাগ ও পৃষ্ঠপোষক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল। ধন্যবাদ জ্ঞাপন করেন মোঃ মোয়াজ্জেম হোসেন ভূঞা,সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল ও সদস্য সচিব, ১৪তম আঞ্চলিক স্কাউট সমাবেশ সাংগঠনিক কমিটি।

অতিথিবৃন্দ তাদের বক্তব্যে বলেন, ১১০ বছর পূর্বে লর্ড ব্যাডেন পাওয়েল মানবতার সেবায় স্কাউটিং-এর সূচনা করেন। স্কাউটিংয়ের কার্যক্রম সারা পৃথিবীতে বিস্তার লাভ করেছে। মানবতা ও সেবার ব্রত নিয়ে স্কাউটরা প্রাকৃতিক দূর্যোগ কিংবা অসহায় মানুষের আর্তনাদ লাঘব করতে হাত বাড়িয়ে ছুঁটে চলছে। এই স্কাউট সমাবেশে অংশ নেয়া ছয় হাজারেরও বেশি স্কাউট, স্বেচ্ছাসেবক রোভার স্কাউট ও লিডার এখান থেকে শিক্ষা নিয়ে দেশ গড়ার কাজে নিজেরদের নিয়োজিত করবেন। এবারের স্কাউট সমাবেশে অংশ নেয়া স্কাউটরা ১২ টি চ্যালেঞ্জ ও ০৬টি সেন্ট্রাল ইভেন্ট (স্কাউট কার্যক্রম)-এ অংশ নেবে। নতুন বিষয় রপ্ত করবে এবং হাতে কলমে তা প্রয়োগের সুযোগ পাবে। এই স্কাউট সমাবেশে ঢাকা বিভাগের সকল জেলা থেকে ৫১২টি ইউনিট অংশ নিয়েছে। উদ্বোধনী অনুষ্ঠান মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এবারের স্কাউট সমাবেশের বড় আকর্ষণ হলো স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা রবার্ট স্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল এর ১৬১তম জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষানুরাগী ব্যক্তি, জন প্রতিনিধি ও সাংবাদিক বৃন্দ।

২৬ ফেব্রুয়ারি মহাতাঁবু জলসা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি জনাব মোঃ শাহ কামাল, জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য) এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের পঞ্চম আঞ্চলিক স্কাউট সমাবেশ

বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের পরিচালনা ও ব্যবস্থাপনায় ২৬ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ ২০১৮ পর্যন্ত আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, রূপাতলী, বরিশালে পঞ্চম আঞ্চলিক স্কাউট সমাবেশ অনুষ্ঠিত হচ্ছে। ২৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ পঞ্চম আঞ্চলিক স্কাউট সমাবেশের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শাহ্ কামাল, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মোহসীন, অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় কমিশনার (প্রকল্প), বাংলাদেশ স্কাউটস; জনাব মোঃ হাবিবুর রহমান জেলা প্রশাসক বরিশাল ও সভাপতি বাংলাদেশ স্কাউটস, বরিশাল জেলা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, বরিশাল ও আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চল। উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুস ছাত্তার, সহ-সভাপতি, জনাব মোঃ লুৎফর রহমান কোষাধ্যক্ষ, জনাব মোঃ মমতাজ আলী, আঞ্চলিক পরিচালক ও সম্পাদক বাংলাদেশ স্কাউটস বরিশাল অঞ্চল। সমাবেশে বরিশাল অঞ্চলের ৬টি জেলা থেকে ১২টি গার্ল ইন স্কাউট দলসহ মোট ৯১টি স্কাউট দলে ৮১৯ জন স্কাউট, ৬১ জন কর্মকর্তা ২০ জন সেচ্ছাসেবক অংশগ্রহণ করেন। ২৮ ফেব্রুয়ারি ২০১৮ সমাবেশের ৩য় দিনে স্মৃতিফলক (ক্যানভাসে চিত্রাঙ্কন) এর উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রফেসর মুঃ জিয়াউল হক, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল ও সভাপতি বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব প্রফেসর বিপ্লব কুমার ভট্টাচার্য, সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল সহ-সভাপতি বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চল।

রেলস্টেশন পরিষ্কার করল স্কাউট সদস্যরা

ঝাড়ু হাতে নিয়ে রেলস্টেশন পরিষ্কার পরিচ্ছন্ন করেছে স্কাউট সদস্যরা। ২৭ ফেব্রুয়ারি নীলফামারী স্টেশনে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানের আয়োজন করে বাংলাদেশ স্কাউটস সৈয়দপুর রেলওয়ে জেলা। এতে স্কাউটস সদস্য ছাড়াও শিক্ষক এবং রেল বিভাগের শতাধিক কর্মকর্তা অংশগ্রহণ করেন। ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার অভ্যাস গড়ে তোলার কর্মসূচির অংশ হিসেবে নীলফামারী রেলস্টেশনে চারটি ডাস্টবিন স্থাপন করা হয়। ডাস্টবিন দেখভালের দায়িত্ব দেয়া হয় স্টেশন মাস্টার ওবায়দুল ইসলাম রতনের কাছে। কর্মসূচিতে নেতৃত্ব দেন বাংলাদেশ স্কাউটস সৈয়দপুর রেলওয়ে জেলার সভাপতি। তিনি জানান, দেশে ১৩টি রেলওয়ে জেলা স্কাউট রয়েছে। রেলস্টেশন পরিস্কার পরিচ্ছন্ন কর্মসূচি কেন্দ্রীয়ভাবে গ্রহণ করা হয়েছে। তারই অংশ হিসেবে সৈয়দপুর রেলওয়ে জেলা স্কাউটের সদস্যরা নীলফামারী রেলস্টেশন পরিস্কার পরিচ্ছন্ন কর্মসূচিতে অংশ নেয়। সচেতনতা বাড়াতে স্কাউটস এই উদ্যোগ গ্রহণ করেছে। স্টেশনকে যদি নিজের প্রতিষ্ঠান মনে করে ব্যবহার করা হয় তাহলে অপরিচ্ছন্ন থাকতে পারে না।

অগ্নি নির্বাপনে স্কাউট সদস্য

দিনাজপুর জেলার বিরল উপজেলার রূপালী বাংলা জুট মিলস লি. এ ভয়াবহ অগ্নিকান্ডে ফায়ার ডিফেন্স ও সিভিল ডিফেন্স এর সদস্যদের সাথে অগ্নি নির্বাপণে কাজ করছেন বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর জেলা রোভার এর রোভার স্কাউটরা।

যদি আরও জানতে চান...

অফিসিয়াল ফেইসবুক পেজ:
www.facebook.com/bangladeshscouts(official)

ক্লিক করুন:
www.scouts.gov.bd

নোটিশ বোর্ড

বাংলাদেশ স্কাউটস ইনবক্সে স্কাউটিং সম্পর্কিত সংবাদ, প্রতিবেদন এবং ছবি পাঠানোর ঠিকানা

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন : ০২ ৯৩৩৩৬৫১
মোবাইল : ০১৭১২-৮৬৪১১৫
ই-মেইল :
ncshahriar@yahoocom
probangladeshscouts@gmail.com

সম্পাদনা পরিষদ

প্রধান উপদেষ্টা
ড. মোঃ মোজাম্মেল হক খান
প্রধান জাতীয় কমিশনার

সম্পাদক
সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার
জাতীয় কমিশনার (জনসংযোগ, প্রকাশনা ও মার্কেটিং)

প্রকাশক
আরশাদুল মুকাদ্দিস
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

নির্বাহী সম্পাদক
মোঃ মশিউর রহমান
উপ পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং)

প্রকাশনায়
জনসংযোগ ও মার্কেটিং বিভাগ
বাংলাদেশ স্কাউটস